

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৬.৪৪.০০৫.১৭.১৫

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৪


২৮ নভেম্বর ২০১৭

বিষয়: ই-নথি কার্যক্রম যথাযথভাবে চালুকরণ।

রূপকল্প-২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের তত্তাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন(এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় উপজেলা হতে মন্ত্রণালয় পর্যন্ত বিভিন্ন সরকারী অফিসে ই-নথি ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় যুব উন্নয়ন অধিদপ্তরেও ই-নথি কার্যক্রম চালু হয়েছে। সম্প্রতি ই-নথি কার্যক্রম প্রধান কার্যালয়ের পাশাপাশি জেলা কার্যালয়ে চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে ইতোমধ্যে ৪০ টি জেলার উপপরিচালক, সহকারী পরিচালক ও সংশ্লিষ্ট উচ্চমান সহকারী/ অফিস সহকারীদের কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার এ ৩দিন মেয়াদী ই-ফাইল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকেও ই-ফাইল প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সেখান থেকেও এ বিষয়ে প্রয়োজনে প্রশিক্ষণ গ্রহণ করা যেতে পারে।

সম্প্রতি প্রধানমন্ত্রী কার্যালয়ের একসেস টু ইনফরমেশন হতে প্রশিক্ষণপ্রাপ্ত ৪০টি জেলাকে ই-ফাইলে লাইভ এ নেয়া হয়েছে এবং অবশিষ্ট জেলা গুলোকেও শীঘ্রই ই-ফাইল কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হবে মর্মে জানানো হয়েছে। ইতোমধ্যে লাইভ আই,ডি সংশ্লিষ্ট সকল জেলার ই-মেইলে প্রেরণ করা হয়েছে। প্রধান কার্যালয় হতে ইতিপূর্বেও ই-ফাইল দ্রুত বাস্তবায়নের জন্য পত্র প্রদান করা হয়েছে, কিন্তু জেলাগুলোতে ই-ফাইলের লাইভ কার্যক্রম এখনও শুরু করা হয়নি মর্মে প্রতীয়মান। এ কারণে অধিদপ্তরের ই-ফাইল কার্যক্রম ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায় জরুরি ভিত্তিতে ই-ফাইলের লাইভ কার্যক্রম চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকদের নির্দেশ প্রদান করা হলো।



২৮-১১-২০১৭

মোঃ আনোয়ার হোসেন

মহাপরিচালক

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, ----- জেলা